# আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

## অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখ : ০৫ শ্রাবণ ১৪৩০ / ২০ জুলাই ২০২৩

**প্রশাসনিক পরিপত্র নং- ১৯/২০২৩**

মার্চেন্ট ব্যাংক তথা আর্থিক প্রতিষ্ঠান হিসেবে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে জোরালো ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ ব্যাংকের 'বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU)' এর ৩০ ডিসেম্বর, ২০১২ তারিখের বিএফআইইউ সার্কুলার নম্বর- ০৬/২০১২ এবং সংশ্লিষ্ট অন্যান্য আইনে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত Guidelines on Prevention of Money Laundering & Combating Financing of Terrorism for Capital Market Intermediaries এর নির্দেশনা অনুযায়ী কোম্পানিতে কর্মরত কর্মচারীদের জন্য "মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নির্দেশিকা" শিরোনামে দিকনির্দেশনামূলক নীতিমালা পরিচালনা পর্ষদের ০৫ নভেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত ১১৫তম সভায় অনুমোদিত হয়েছে। এছাড়া, আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য বাংলাদেশ ব্যাংকের 'বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU)' কর্তৃক আলাদা গাইডলাইন্স, সার্কুলার লেটার ও সার্কুলার জারি করা রয়েছে।

০২। বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) এর ২৯ জুন, ২০১৫ তারিখের বিএফআইইউ সার্কুলার নম্বর- ১২ এবং ১৯ অক্টোবর, ২০১৫ তারিখের বিএফআইইউ সার্কুলার নম্বর-১৮ এ আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বাৎসরিক ভিত্তিতে প্রতিষ্ঠানের সকল বিভাগ/শাখার কর্মচারীদের উদ্দেশ্যে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সুস্পষ্ট ও কার্যকর অঙ্গীকার ঘোষণা করবেন এবং অঙ্গীকার বাস্তবায়নে যথাযথ নির্দেশনা প্রদান করবেন মর্মে উল্লেখ রয়েছে।

০৩। এতৎপ্রেক্ষিতে কোম্পানিতে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে প্রধান নির্বাহী কর্মকর্তার বাৎসরিক ঘোষণাপত্র সকলের অবগতি ও পরিপালনের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতৎসঙ্গে জারি করা হলো।

**(মোঃ সেলিম বেগ)**
অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা

**বিতরণ:**

০১। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপ-প্রধান নির্বাহী কর্মকর্তাগণ, প্রধান কার্যালয়, ঢাকা ।
০৪। ডিপার্টমেন্ট প্রধানগণ, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমুহ ।
০৬। অফিস কপি।

**অনুলিপি (আইসিএমএল এর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) :**

সিস্টেম এনালিস্ট, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।

# আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

**প্রধান কার্যালয়, ঢাকা।**

**এএমএল/ সিএফটি কমপ্লায়েন্স ইউনিট**

তারিখঃ ২০.০৭.২০২৩ খ্রিঃ

## মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বাৎসরিক ঘোষণা

মানিলন্ডারিং (Money Laundering) ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন (Terrorist Financing) সমগ্র বিশ্বের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে অন্যতম অন্তরায়। এ দু'টি অপরাধমূলক কর্মকান্ড একযোগে প্রতিরোধে বিশ্বের নীতি নির্ধারকগণ কর্তৃক প্রতিনিয়ত নতুন নতুন নির্দেশনা জারি করা হচ্ছে।

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বাংলাদেশ ব্যাংকের Bangladesh Financial Intelligence Unit (BFIU) সময় সময় যুগোপযোগী বিভিন্ন গুরতত্বপূর্ণ নীতিমালা ও পদক্ষেপ গ্রহণ করে আসছে। BFIU মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ আইনের সংশ্লিষ্ট ধারাবলে Capital Market Intermediaries (CMI) বা পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে আওতাভূক্ত করে কতিপয় নির্দেশনা জারি করেছে।

বাংলাদেশের মার্চেন্ট ব্যাংকিং এ অগ্রদূত আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে জোরালো ভূমিকা পালন করে আসছে। এক্ষেত্রে উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংকের Bangladesh Financial Intelligence Unit (BFIU) কর্তৃক ৩০ ডিসেম্বর, ২০১২ তারিখে জারীকৃত বিএফআইইউ সার্কুলার নং-০৬/২০১২ এবং সংশ্লিষ্ট অন্যান্য আইনে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত Guidelines on Prevention of money laundering and combating financing of terrorism for capital market intermediaries এর নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে আইসিএমএল এর উদ্দেশ্য/প্রতিশ্রুতি/বাধ্যবাধকতা অনুযায়ী আইন ও বিধি-বিধান মোতাবেক মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের বিষয়ে কর্মরত কর্মচারীগণের জন্য একটি দিক নির্দেশনামূলক নীতিমালা প্রনয়ণ করা হয়েছে যা "মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নির্দেশিকা" শিরোনামে পরিচালনা পর্ষদের ৫ নভেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত ১১৫ তম সভায় অনুমোদিত হয়েছে। এছাড়া, আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য BFIU কর্তৃক আলাদা গাইডলাইন্স, সার্কুলার লেটার ও সার্কুলার জারি করা হয়েছে।

"মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নির্দেশিকা" ও BFIU কর্তৃক জারীকৃত গাইডলাইন্স, সার্কুলার লেটার ও সার্কুলার-এর আলোকে আইসিএমএল এর মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কর্মসূচী পরিপালনে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা অঙ্গীকারবদ্ধ, সুতরাং

- প্রত্যেক কর্মচারীর উপর দৈনন্দিন স্বাভাবিক কাজকর্মে মানিলন্ডারিং/ সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত আইন ও বিধি-বিধান পরিপালনের দায়িত্বারোপ করা হলো।
- প্রত্যেক কর্মচারীকে "মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নির্দেশিকা" ও BFIU কর্তৃক জারীকৃত গাইডলাইন্স, সার্কুলার লেটার ও সার্কুলার-এর আলোকে সন্দেহজনক লেনদেন রিপোর্ট বা Suspicious Transaction Report (STR) ও নগদ লেনদেন রিপোর্ট বা Cash Transaction Report (CTR) করার জন্য এবং সকল প্রকার গ্রাহকের গ্রাহক পরিচিতি বা Know Your Customer (KYC) পূরণ ও হালনাগাদের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- প্রশাসনিক পরিপত্র আকারে জারীকৃত সকল "মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বাৎসরিক ঘোষণা" সমূহ সংশ্লিষ্ট সকল ডিভিশন, ডিপার্টমেন্ট, ইউনিট ও শাখা কর্তৃক সংরক্ষণ ও ঘোষণাসমূহে প্রদানকৃত নির্দেশনা মেনে চলার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- প্রত্যেক কর্মচারীকে তাঁর উপর অর্পিত দায়িত্বের সাথে এ সংক্রান্ত আইন ও বিধি-বিধান সম্পর্কে অবগত হওয়ার ক্ষেত্রে দায়িত্বশীল হওয়ার নির্দেশ প্রদান করা হলো।
- মানিলন্ডারিং/ সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত আইন ও বিধি-বিধান সর্ম্পকে অবহিত না থাকা বা অজ্ঞতা প্রকাশ কোনভাবেই এ আইন ও বিধি-বিধান পরিপালন না করার অজুহাত হিসেবে গ্রহণযোগ্য হবে না।

(মাজেদা খাতুন)
প্রধান নির্বাহী কর্মকর্তা